গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
জেলা সমাজসেবা কার্যালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা।
dss.rangamati.gov.bd

স্মারক নং-৪১.০১.৮৪০০.০০১.১১.৯১৩(অংশ-২).১৪ ৫৮৯

তারিখ ঃ ৩১ ভাদ্র ১৪২৬ / ১৫ সেপ্টেম্বর ২০১৯

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত জেলা সমাজসেবা কার্যালয়, রাঙ্গামাটির অধীনে তৃতীয় ও চতুর্থ শ্রেণির ( গ্রেড-১৪ থেকে গ্রেড-২০) রাজস্ব/অস্থায়ী রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত (পূর্বের নিয়োগ বিজ্ঞপ্তির ২১টি সহ) ৪০(চল্লিশ)টি শূণ্যপদ পূরণের নিমিত্তে রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা ও যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল | শূণ্য পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | ফিল্ড সুপারভাইজার (স্থায়ী) গ্রেড-১৪ | ০১ (এক) টি | ১৮-৪০ বৎসর। তবে মুক্তিযোদ্ধা প্রাধিকার কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৪২ বৎসর। | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণ প্রাপ্ত। |
| ২। | অফিস সহকারি-যুক্ত-কম্পিউটার অপারেটর গ্রেড- ১৬ | ০৩(তিন) টি | -ঐ- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ন। কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত মুদ্রাক্ষরিকে বাংলা ও ইংরেজিতে উভয় ক্ষেত্রে প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |
| ৩। | খালাম্মা গ্রেড- ১৬ | ০৩(তিন) টি | -ঐ- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উর্ত্তীণ। তবে শর্ত থাকে যে, খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগীতায় সনদধারী এবং বিধবা প্রার্থীদের অগ্রাধিকার প্রাপ্ত হবেন। |
| ৪। | সহকারি শিক্ষক (স্থায়ী) গ্রেড- ১৬ | ০২ (দুই) টি | -ঐ- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম ২য় বিভাগে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫। | ইউনিয়ন সমাজকর্মী (স্থায়ী) গ্রেড- ১৬ | ১০ (দশ) টি | -ঐ- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম ২য় বিভাগে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬। | মেট্রন কাম নার্স (স্থায়ী) গ্রেড- ১৬ | ০১ (এক) টি | ১৮-৩০ বৎসর। তবে মুক্তিযোদ্ধা প্রাধিকার কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বৎসর। | ক) কোন স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম ২য় বিভাগে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে নার্সিং বা ফার্মাসিস্ট সনদ। |
| ৭। | গাড়ী চালক (স্থায়ী) গ্রেড- ১৬ | ০১ (এক) টি | -ঐ- | ক) ৮ম শ্রেণী পাশ। হালকা ও ভারী যানবাহন চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৮। | কারিগরী প্রশিক্ষক (স্থায়ী) গ্রেড-১৮ | কম্পিউটার ২টি<br>সেলাই ও উল বুনন ২টি<br>মোট-০৪ টি | -ঐ- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম দ্বিতীয় বিভাগে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। খ) সংশ্লিষ্ট ট্রেডে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ০৬ (ছয়) মাস মেয়াদী ট্রেড কোর্সে প্রশিক্ষণ প্রাপ্ত। |
| ৯। | কারিগরী প্রশিক্ষক (অস্থায়ী রাজস্ব) গ্রেড-২০ | মোট = ০২টি<br>মোট = ০২টি | -ঐ- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম দ্বিতীয় বিভাগে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। খ) সংশ্লিষ্ট ট্রেডে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ০৬ (ছয়) মাস মেয়াদী ট্রেড কোর্সে প্রশিক্ষণ প্রাপ্ত। |
| ১০। | অফিস সহায়ক (স্থায়ী) গ্রেড-২০ | ১০ (দশ) টি | ১৮-৪০ বৎসর। তবে মুক্তিযোদ্ধা প্রাধিকার কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৪২ বৎসর। | ক) কোন স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম ২য় বিভাগে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১। | নিরাপত্তা প্রহরী (অস্থায়ী রাজস্ব) গ্রেড-২০ | ০২ (দুই) | -ঐ- | ক) ন্যুনতম ৮ম শ্রেণি পাশ: এবং সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী: তবে শর্ত থাকে যে,আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হবেন। |
| ১২। | বাবুর্চি (অস্থায়ী রাজস্ব) গ্রেড-২০ | ০১ (এক) | -ঐ- | ক) ন্যুনতম ৮ম শ্রেণি পাশ: এবং খ) কুকিং- এ ন্যুনতম ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

চলমান পাতা-০২

**শর্তাবলী ঃ**

১। নিয়োগের ক্ষেত্রে সরকারি প্রচলিত বিধি-বিধান প্রতিপালিত হবে।

২। রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট www.rhdc.gov.bd হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

৩। আগামী ১৫/১০/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ বরাবরে নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময় ও তারিখের পর ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরিত দরখাস্ত গ্রহণ করা হবে না। উল্লেখ্য যে, স্মারক নং-রাপাজেপ/হস্তাঃনিয়োগ/সমাজসেবা-২০৩/ ২০১৮/২৮৪ তারিখ ঃ ০২/০৪/২০১৮খ্রিঃ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মূলে (ক্রমিক নং-১,৪,৫,৬,৭,৯,১০,১১ ও ১২ ) ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

৪। আবেদনের সাথে "চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ" এর অনুকূলে সরকার অনুমোদিত যে কোন ব্যাংক হতে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার পরীক্ষার ফি বাবদা(অফেরৎ যোগ্য) জমা দিতে হবে। পোষ্টাল অর্ডার গ্রহণ করা হবে না।

৫। আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি এবং ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ছাড়া অন্য কোন কাগজপত্র জমা প্রদানের প্রয়োজন নেই। প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের জন্য পরবর্তীতে বিজ্ঞপ্তি আকারে জানানো হবে।

৬। সরকারি চাকুরিতে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৮। অসম্পূর্ণ এবং ক্রটিযুক্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। কর্তৃপক্ষের বিবেচনায় যোগ্য প্রার্থীদের লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বর্তমান ঠিকানায় ইন্টারভিউ কার্ড প্রেরণ করা হবে।

১০। আবেদনকারীর বয়স ১৫/১০/২০১৯ তারিখে ক্রঃ নং ৬,৭,৮, ও ৯ পদের ক্ষেত্রে ১৮-৩০ এবং অন্যান্য পদের ক্ষেত্রে ১৮-৪০ বছর হতে হবে।

১১। খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১২। নিয়োগ বিজ্ঞপ্তি জেলা পরিষদের ওয়েবসাইU **www.rhdc.gov.bd** এবং জেলা সমাজসেবা কার্যালয়ের ওয়েব সাইট **www.dss.rangamati.gov.bd** তে পাওয়া যাবে।

১৩। প্রয়োজনবোধে নিয়োগ বিজ্ঞপ্তির বিষয়ে যে কোন তথ্য জানার জন্য উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাঙ্গামাটিতে যোগাযোগ করা যেতে পারে।

( বৃষ কেতু চাকমা)
চেয়ারম্যান
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

৪১.০১.৮৪০০.৩০০.১১.৯১৩ (অংশ-২).১৪ ৫৮৯ তারিখঃ ১৫ /০৯/২০১৯খ্রিঃ

অনুলিপি ঃ

১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
৫। জেলা প্রশাসক, রাঙ্গামাটি।
৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
৭। পুলিশ সুপার, রাঙ্গামাটি।
৮। জনাব ........................................................................................ সদস্য, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
৯। সিভিল সার্জন, রাঙ্গামাটি।
১০। পিএস টু চেয়ারম্যান, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
১১। সম্পাদক, দৈনিক গিরিদর্পণ/ দৈনিক জনকণ্ঠ/ The Daily Observer তাঁকে বিজ্ঞপ্তিটি আগামী ১৬/০৯/২০১৯খ্রিঃ তারিখ ০১(এক) দিনের জন্য স্বল্পপরিসরে প্রচার পূর্বক ২ কপি পত্রিকাসহ বিল রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
১২। নথি সংরক্ষণ।

মোহাম্মদ ওমর ফারুক
উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা
ও
সদস্য-সচিব
সংশ্লিষ্ট নিয়োগ কমিটি।